

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০৩. আল্লাহ্ তা'আলার শাস্তি তথা আগুন দিয়ে কাউকে শাস্তি দেয়া

'ইকরিমাহ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা 'আলী (রা.) কিছু মুরতাদেক আগুনে পুড়িয়ে মারলেন। খবরটি আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহু 'আনহুমা) এর নিকট পৌঁছুলে তিনি বলেন: আমি যদি উক্ত স্থানে হতাম তাহলে আমি তাদেরকে হত্যা করতাম। কারণ, রাসূল (সা.) বলেছেন:

مَنْ بَدَّلَ دِيْنَهُ فَاقْتُلُوْهُ

"যে ব্যক্তি ইসলাম ধর্ম পরিত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ করবে তাকে তোমরা হত্যা করো"। আমি তাদেরকে আগুনে পুড়িয়ে মারতাম না। কারণ, রাসূল (সা.) বলেন:

لاَ تُعَذِّبُوا بِعَذَابِ اللهِ

"তোমরা আল্লাহ্ তা'আলার শাস্তি তথা আগুন দিয়ে কাউকে শাস্তি দিও না"।[1] ব্যাপারটি 'আলী (রা.) এর নিকট পৌঁছুলে তিনি বলেন: 'আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ সত্য বলেছে। আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) আমাদেরকে একদা একটি প্রনিনিধি দলে পাঠিয়ে বললেন:

إِنْ وَجَدْتُمْ فُلاَنًا وَفُلاَنًا فَأَحْرِقُوْهُمَا بِالنَّارِ

"তোমরা যদি অমুক অমুককে পাও তা হলে তোমরা তাদেরকে আগুনে পুড়িয়ে মারবে"। অতঃপর আমরা যখন গন্তব্যের পথে রওয়ানা হলাম তখন তিনি আমাদেরকে ডেকে বললেন:

إِنِّيْ أَمَرْتُكُمْ أَنْ تُحْرِقُوْا فُلاَنًا وَفُلاَنًا ، وَإِنَّ النَّارَ لاَ يُعَذِّبُ بِهَا إِلاَّ اللهُ ، فَإِنْ وَجَدْتُمُوْهُمَا فَاقْتُلُوْهُمَا

"আমি তোমাদেরকে ইতিপূর্বে আদেশ করেছিলাম অমুক অমুককে আগুনে পুড়িয়ে মারতে ; অথচ আগুন দিয়ে শাস্তি দেয়ার অধিকার একমাত্র আল্লাহ্ তা'আলাই রাখেন। তাই তোমরা ওদেরকে পেলে হত্যা করবে"।[2]

## ফুটনোট

- [1] (তিরমিযী, হাদীস ১৪৫৮ আবু দাউদ, হাদীস ৪৩৫১)
- [2] (বুখারী, হাদীস ৩০১৬)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=11353

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন